

নিখিলবিশ্ব আহমদীয়া মুসলিম জামা'তের বর্তমান ইমাম ও আমীরুল মু'মিনীন হযরত মির্যা মসরুর আহমদ খলীফাতুল মসীহ আল্ খামেস (আই.) গত ২০শে মার্চ, ২০২৬ তারিখে যুক্তরাজ্যের টিলফোর্ডস্থ মসজিদে মুবারকে জুমুআর খুতবা প্রদান করেন।

তাশাহুদ, তা'উয এবং সূরা ফাতিহা পাঠের পর হযর আনোয়ার (আই.) বলেন, আজ সকালে আমি ঈদের খুতবাও প্রদান করেছি, তাই এখন আমি সৎক্ষিপ্ত খুতবা প্রদান করব। এ উদ্দেশ্যে আমি হযরত আকদাস মসীহ মওউদ (আ.)-এর একটি উদ্ধৃতি নির্বাচন করেছি, যে বিষয়ে আমাদের সর্বদা বিশেষভাবে মনোযোগ দেওয়া উচিত। তিনি (আ.) বলেন, একজন মু'মিনের পার্থিবতার সাথে সম্পর্ক যতই গভীর হোক না কেন, তা তার আধ্যাত্মিক উচ্চমর্যাদা লাভের কারণ হয়। কেননা, তার মূল লক্ষ্য থাকে দ্বীন বা ধর্ম। মু'মিনের চিহ্ন বা পরিচয় হলো, পার্থিবতার সাথে তার যতটুকু সম্পর্কই থাকুক না কেন তা যেন একমাত্র ধর্মীয় উদ্দেশ্যেই হয়। তার পার্থিব সম্পর্ক, সম্পদ ও সম্মান সবকিছু ধর্মসবায় নিবেদিত থাকা উচিত। তিনি (আ.) বলেন, পার্থিবতাকে এমনভাবে অর্জন করতে হবে যাতে তা ধর্মের সেবক হয়। যেমন, একজন ব্যক্তি এক স্থান থেকে অন্য স্থানে যাওয়ার জন্য সফরে 'বাহন ও রসদ' নেয়, কিন্তু তার মূল লক্ষ্য থাকে গন্তব্যে পৌঁছানো; বাহন বা রসদ তার মূল লক্ষ্য থাকে না। এ কারণে আল্লাহ তা'লা এই দোয়া শিখিয়েছেন, **رَبِّ اجْعَلْ لِي فِي الدُّنْيَا حَسَنَةً وَفِي الْآخِرَةِ حَسَنَةً** অর্থাৎ, হে আল্লাহ! আমাদেরকে ইহ ও পরকালে কল্যাণ দান করো। এই দোয়ায় দুনিয়ার উল্লেখ প্রথমে করা হয়েছে, কিন্তু কোন্ দুনিয়া? সেই দুনিয়া, যা আখিরাতে কল্যাণের কারণ হয়। এমন দুনিয়া অর্জন করতে হবে যা আখিরাতেও কল্যাণ বয়ে আনে, এমন দুনিয়া নয় যা আখিরাতে লজ্জার কারণ হয়ে দাঁড়ায়।

তিনি (আ.) বলেন, এই দোয়া থেকে স্পষ্ট বোঝা যায়, একজন মু'মিন পার্থিবতা অর্জনের সময় আখিরাতে কল্যাণের কথা বিবেচনায় রাখে। "হাসানাতুদ দুনিয়া" শব্দের মধ্যে সেসব উত্তম উপায় অন্তর্ভুক্ত রয়েছে যা একজন মু'মিনের পার্থিবতা অর্জনের ক্ষেত্রে অবলম্বন করা উচিত। পার্থিবতাও এমন পদ্ধতিতে অর্জন করো, যাতে তা কল্যাণকর ও উত্তম হয়; এমন কোনো উপায় অবলম্বন করা উচিত নয় যা মানবজাতির জন্য কষ্টের কারণ হয় এবং তোমার ও তোমার পরিবারের জন্য লজ্জার কারণ না হয়। এমন জীবনপদ্ধতি অবলম্বন এবং এমন দুনিয়া অবশ্যই আখিরাতে কল্যাণের কারণ হবে।

পরিশেষে হযর (আই.) বলেন, আজ যখন বিশ্ব নিজেদের স্বার্থ এবং উদ্দেশ্য পূরণে নিমগ্ন এবং জাতিসমূহ কেবল নিজেদের বিষয়েই চিন্তিত, মানবতার দিকে কোনো মনোযোগ নেই আর এর ফলে তারা নিজেরা ধ্বংসের দিকে এগিয়ে যাচ্ছে; এ অবস্থায় আমাদের আল্লাহ তা'লার সমীপে দুনিয়া ও আখিরাতে কল্যাণ কামনা করা উচিত। এতে আমাদের বিশেষ মনোযোগ দেওয়া প্রয়োজন, যাতে আমরা উভয় জগতকে সুশোভিত করতে পারি এবং সকল বিপদাপদ থেকে রক্ষা পেতে পারি। আল্লাহ তা'লা আমাদের নিজেদের আমল সংশোধনের, আমাদেরকে উল্লিখিত কল্যাণ লাভের এবং উত্তম দোয়া করার সামর্থ্য দিন আর সেগুলো কবুল করুন। আমীন।

[খ্রিয় পাঠকবৃন্দ! হযরের খুতবা সম্পূর্ণ শোনার কখনোই কোনো বিকল্প নাই, সময়ের প্রতি লক্ষ্য রেখে আমরা খুতবার সারাংশ উপস্থাপন করছি মাত্র। আপনাদেরকে হযরের পুরো খুতবাটি শোনার অনুরোধ রইল। হযরের খুতবাটি পুরো শুনতে পাবেন আমাদের এমটিএ'র নিয়মিত ওয়েবসাইট অর্থাৎ, www.mta.tv এবং আমাদের কেন্দ্রীয় বাংলা ওয়েবসাইট www.ahmadiyyabangla.org-এ]

(সূত্র: কেন্দ্রীয় বাংলাডেস্ক লন্ডনের তত্ত্বাবধানে প্রস্তুতকৃত)